গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ
www.jagannathpur.sunamganj.gov.bd

# উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের কক্ষ ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার গত ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩ (৭).১১-৩৬নং স্মারকমূলে জারিকৃত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত' সংশোধিত পরিপত্র মোতাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন' জগন্নাথপুর-এর ১ম ও ২য় তলার মোট ১২ টি কক্ষ সম্পূর্ণ বাণিজ্যিক কাজে ব্যবহারের নিমিত্তে ভাড়া দেওয়া হবে। আগ্রহী সম্মানীত ব্যবসায়ীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রম | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১) | আবেদন ফরম বিতরনের তারিখ | ১৮ ফেব্রুয়ারী ২০২৪ থেকে ২৯ ফেব্রুয়ারী ২০২৪ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) |
| ২) | আবেদন ফরম জমাদানের তারিখ | ১৮ ফেব্রুয়ারী ২০২৪ থেকে ২৯ ফেব্রুয়ারী ২০২৪ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) |
| ৩) | আবেদনপত্র বিতরণের স্থান | উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ। (অফিস চলাকালীন সময়ে) |
| ৪) | আবেদনপত্রের মুল্য | ১০০ টাকা (অফেরতযোগ্য) |
| ৫) | জমাকৃত আবেদন ফরমের বাক্স খোলার তারিখ | ২৯ ফেব্রুয়ারী ২০২৪ বিকাল ৪.১০ ঘটিকায় |
| ৬) | আবেদন ফরম জমাদানের স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ। (অফিস চলাকালীন সময়ে) |
| ৭) | কক্ষ বরাদ্দের সময়সীমা | বরাদ্দের তারিখ হতে এক (১) বছর |
| ৮) | কক্ষসমূহের নির্ধারিত মাসিক ভাড়ার পরিমাণ | ক) প্রতি কক্ষের ভাড়া ন্যূনতম ৪০০০/- (চার হাজার ) টাকা মাত্র<br>খ) ১ম তলা অথবা ২য় তলা একত্রে ন্যূনতম ২২০০০/- (বাইশ হাজার) টাকা মাত্র<br>গ)১ম তলা ও ২য় তলা একত্রে ন্যূনতম ৪৪০০০/- (চুয়াল্লিশ হাজার )টাকা মাত্র |
| ৯) | অগ্রিম জামানত | ক) প্রতি কক্ষের জন্য অগ্রিম জামানত ন্যূনতম ২৪০০০/- (চব্বিশ হাজার ) টাকা মাত্র<br>খ) ১ম তলা অথবা ২য় তলা একত্রে জামানত ন্যূনতম ১০০,০০০/- (এক লক্ষ ) টাকা মাত্র<br>গ) ১ম তলা ও ২য় তলা একত্রে জামানত ন্যূনতম ২,০০,০০০/- (দুই লক্ষ ) টাকা মাত্র |

শর্তাবলী:

১.উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবননিম্নোক্ত ব্যবসায়িক কাজে ভাড়া নেওয়া যাবে:

| | | |
|---|---|---|
| ১) সরকারি ও বেসরকারি ব্যাংক/বীমা | ২)ক্রোকারিজ সামগ্রী | ৩)মুদি/মনিহারি দ্রব্যাদি |
| ৪)চিকিৎসকের চেম্বার | ৫) ফার্মেসী | ৬)কম্পিউটার সামগ্রী |
| ৭)মোবাইল সামগ্রী | ৮)ইলেকট্রনিক্স সামগ্রী | ৯)প্লাস্টিক সামগ্রী |
| ১০)লাইব্রেরী/স্টেশনারী | ১১) টেইলার্স | ১২) ক্যাবল অপারেটর |
| ১৩) জুতা ব্যবসা | ১৪) জুয়েলারী সামগ্রী | ১৫) কসমেটিকস সামগ্রী |
| ১৬)বেকারি/খাদ্য সামগ্রী | ১৭) হার্ডওয়্যার সামগ্রী | ১৮)বিউটি পার্লার |
| ১৯) ফাস্ট ফুড/কফি হাউজ | ২০) কমিটি'র অনুমোদন সাপেক্ষে যেকোন বৈধ ব্যবসা | |

২.উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি'র অনুমোদিত ও সরবরাহকৃত আবেদনপত্রে আগ্রহী ব্যবসায়ী/ব্যবসায়ীগণকে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৩. নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫. স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী সকল ব্যক্তি/পরিবার এই ভবনের কক্ষ ভাড়া নিতে পারবে না।

৬. আবেদনপত্রের সাথে অবশ্যই এক (০১) কপি পাসপোর্ট সাইজের ছবি, ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট (যদি থাকে), এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

৭. বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষ প্রতি বছর ভবনের কক্ষসমূহের ভাড়া ও জামানত পুন:নির্ধারণ করতে পারবে।

**৮.কোন একক ব্যাক্তি বা প্রতিষ্ঠান সব দোকান ভাড়া নিতে চাইলে তাকে বা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করা হবে।**

**৯. মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ভাড়া প্রদানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধা পরিবার/মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের কেউ আবেদন করলে সেক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।**

১০. সর্বোচ্চ দাখিলকৃত ভাড়া প্রদানকারীর অনূকূলে বরাদ্দ প্রদান করা হবে এবং সর্বোচ্চ দরদাতার সংখ্যা একাধিক হলে লটারির মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে।

১১. প্রতিটি কক্ষের বিপরীতে নির্ধারিত ভাড়া ও অগ্রিমের পরিমাণ কম উল্লেখ করলে আবেদন বাতিল বলে গন্য হবে।

১২. বরাদ্দকৃত কক্ষসমূহ অনৈতিক, আইনবিরোধী, রাষ্ট্র ও সমাজবিরোধী এবং মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না । কমপ্লেক্স ভবনের সম্মান ক্ষুন্ন হয় এমন কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না ।

১৩. কোন অবস্থাতেই ভাড়াটিয়া/ব্যবসায়ীগণ নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এই স্থান ব্যবহার করতে পারবেন না এবং ভাড়াকৃত কক্ষ অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুন:বরাদ্দ (সাবলেট) দেওয়া যাবে না ।

১৪. পরপর ০৩ (তিন) মাস ভাড়া প্রদান করতে ব্যর্থ হলে কোন কারণ-দর্শানো ছাড়াই বরাদ্দ বাতিল হয়ে যাবে এবং জামানত বাজেয়াপ্ত হয়ে যাবে ।

১৫. বিদ্যুৎ বিল বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের পরিশোধ করতে হবে ।জেনারেটর বিল ও পানির বিল আলোচনা সাপেক্ষে কমিটি কর্তৃক নির্ধারণ করে দেওয়া হবে।

১৬. কর্তৃপক্ষ যেকোন সময় জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল,কোন সিদ্ধান্ত পরিবর্তন /পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ সংক্রান্ত সরকারি পরিপত্র শর্তের অংশ হিসেবে বিবেচিত হবে ।

১৭. বরাদ্দ প্রাপ্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের সাথে উল্লিখিত শর্ত-সম্বলিত চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে ।

১৮. কোন ব্যক্তি/.প্রতিষ্ঠান বরাদ্দ বাতিল করতে চাইলে কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষকে যথাযথভাবে অবহিত করবেন । অন্যথায় অগ্রিম জামানতের টাকা ফেরত দেওয়া হবে না।

১৯. সর্বোচ্চ দর উল্লেখসহ যথাযথভাবে আবেদনফরম পূরণপুর্বক সিলগালা খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ এ রক্ষিত নির্ধারিত বাক্সে অফিস চলাকালীন সময়ে আবেদনফরম জমা দিতে হবে।

২০. উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ হতে গত ৩০/১১/২০২১ খ্রি. তারিখে স্মারক নং ৪১.০১.৯০৪৭.০০০.৯৯.০০৫.২১.১২৩ এ প্রকাশিত বিজ্ঞপ্তিটি এতদ্বারা বাতিল করা হলো।

১৫.০২.২৪

আল-বশিরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ
ও
আহবায়ক
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ
ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি

স্মারক নং: ৪১.০১.৯০৪৭.০০০.১৮.০১৬.২৪. ২১

তারিখঃ ০১ ফাল্গুন ১৪৩০ / ১৫ ফেব্রুয়ারী ২০২৪

অনুলিপি:

১.সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২.জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
৩. প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, আগারগাঁও, ঢাকা
৪.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ
৫.জনাব.........................................
৬.অফিস কপি

১৫.০২.২৪

বিলাল হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ
ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি